দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 09 APR 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

# গার্মেন্টস শ্রমিক সন্তানরা শিক্ষা সহায়তা পাবে ॥ শ্রম প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ উচ্চ শিক্ষা গ্রহণে গার্মেন্টস শ্রমিকদের সন্তানদের আর্থিক সহায়তা দেয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। কোন গার্মেন্টস শ্রমিকের সন্তান যদি পাবলিক বিশ্ববিদ্যালয়ে অথবা ডাক্তারি কিংবা ইঞ্জিনিয়ারিংয়ে পড়েন, তবে তাকে তিন লাখ টাকা শিক্ষা সহায়তা দেয়ার ঘোষণা দিয়েছেন শ্রম প্রতিমন্ত্রী মোঃ মুজিবুল হক চুন্নু। এ ঘোষণা দিয়ে তিনি বলেছেন, শিক্ষা সহায়তার জন্য অর্থের জোগান দেয়া হবে শ্রমিক কল্যাণ ফান্ড থেকে।

শুক্রবার জাতীয় প্রেসক্লাবে জাতীয় শ্রমিক জোটের ১৮তম জাতীয় সম্মেলন উপলক্ষে আয়োজিত সভায় এ তথ্য জানান শ্রম প্রতিমন্ত্রী।

তিনি বলেন, কোন শ্রমিক কর্মস্থলে মৃত্যুবরণ করলে ঐ ফান্ড থেকেই মন্ত্রণালয় তাকে এক লাখ টাকা দেবে। আর কোন শ্রমিকের সন্তান পাবলিক বিশ্ববিদালয় অথবা ডাক্তারি কিংবা ইঞ্জিনয়ারিংয়ে পড়লে তাকে তিন লাখ টাকা শিক্ষা সহায়তা দেয়া হবে। তিনি বলেন, যে কোন মূল্যে শ্রমিকদের অধিকার নিশ্চিত করা উচিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে তার সরকার এ ব্যাপারে আন্তরিকতার সঙ্গে এ চেষ্টা করছে। যার অংশ হিসেবে নানামুখী উদ্যোগ হাতে নেয়া হয়েছে।

মুজিবুল হক বলেন, আইন অনুযায়ী দুই কোটি টাকা মূলধনের উপরের কোন কারখানার লভ্যাংশের পাঁচ শতাংশ শ্রমিকদের দেয়ার বিধান রয়েছে। এ ক্ষেত্রে ওই পাঁচ শতাংশের ৮০ শতাংশ কারখানা শ্রমিকদের সরাসরি দিতে হবে। ১০ শতাংশ দিতে হবে শ্রম মন্ত্রণালয়ের অধীন শ্রমিক কল্যাণ ফান্ডে। আইনটির পুরোপুরি বাস্তবায়নে যাইনি। শুধু মালিকদের একটি চিঠি দিয়ে বলেছি, আইনে এটা বলা আছে, আপনারা ফান্ডে টাকা দিন। আর তাতেই ১২৭ কোটি টাকা জমা পড়েছে।

প্রতিমন্ত্রী বলেন, সরকার শ্রমিকদের চিকিৎসা ও আবাসনের ব্যবস্থাও করছে। এ ক্ষেত্রে মালিকদের যেমন শ্রমিকদের প্রতি সহানুভূতিশীল হতে হবে, তেমনি শ্রমিকদেরও মালিকদের সহায়তা করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে ড. বিনায়ক সেন বলেন, শ্রম অধিকার নিশ্চিত হলে মানবাধিকারও নিশ্চিত হয়। জাতীয় শ্রমিক জোটের সভাপতি মেসবাউদ্দীন আহমদের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন, বিলস-এর নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহমদসহ আয়োজক সংগঠনের নেতাকর্মীরা। সভা শেষে একটি র‌্যালি বের করা হয়।